# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ।

ফোনঃ ৯৫৭৬৬৫৩, ৯৫৬০০২১ বর্ধিত-৩৩৫; Email: dgmictsystem@krishibank.org.bd


প্রকা/আইসিটি (সিস্টেমস্)/ SMSBanking-৭(২)/২০২১-২০২২/১৯৯৫ তারিখ ঃ ১৪-১১-২০২১

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মূখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
সকল অনলাইন শাখা।

বিষয় ঃ **ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের লক্ষ্যে এসএমএস এর মাধ্যমে তাগিদ প্রদানের নিমিত্ত গ্রাহকদের মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদকরণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-১৫১২, তারিখ ঃ ২৭/১০/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংক ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল সঞ্চয়ী, চলতি, এসএনডি ও সিসি হিসাবধারী গ্রাহকদের ATM/POS সহ সকল ধরণের লেনদেন সংক্রান্ত তথ্য (Transaction Notification) স্বয়ংক্রিয়ভাবে SMS প্রদানের মাধ্যমে অবহিত করার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকে SMS Service চালু করা হয়েছে। গত ১৭/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির ১২৩তম সভায় ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের লক্ষ্যে এসএমএস এর মাধ্যমে তাগিদ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে ঋণ গ্রহীতাদের মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করার জন্য গত ২৭/১০/২০২১ তারিখে পত্র মারফত অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি সকল ঋণ গ্রহীতাদের মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা হয়নি।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের লক্ষ্যে এসএমএস এর মাধ্যমে তাগিদ প্রদানের নিমিত্ত জরুরী ভিত্তিতে ঋণ গ্রহীতাদের মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।

Rashid
১৪.১১.২১

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। নথি/ মহানথি।